দৈনিক সংবাদ

তারিখ ... 23 Mar. 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম 2

28

# এইচ এস সি পরীক্ষা পিছানোর দাবীতে বিক্ষোভ ।। বোর্ড নীরব

(নিজস্ব বার্তা পরিবেশক)

আসন্ন এইচএসসি পরীক্ষা পিছানোর দাবীতে উচ্চ মাধ্যমিক সংগ্রাম কমিটি গতকাল মঙ্গলবার রাষ্ট্রপতি এবং ঢাকা বোর্ড চেয়ারম্যানের বরাবরে স্মারকলিপি দিয়েছে। তার আগে কমিটির উদ্যোগে জাতীয় প্রেসক্লাবের সামনে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এদিকে পরীক্ষার্থীদের কয়েকজন

## এইচ এস সি পরীক্ষা

(১ম পাতার পর)

অভিভাবক অভিযোগ করেছেন যে, গত এক সপ্তাহ ধরে পরীক্ষা পেছানোর আন্দোলন চললেও বোর্ড কর্তৃপক্ষ এ ব্যাপারে এখনো সুস্পষ্ট কিছু বলছেন না অথচ অনেক পরীক্ষার্থী পড়াশুনা বাদ দিয়ে বসে আছে। তারা বলেন, পরীক্ষা পেছানো হবে কি হবে না এ কথা জানার জন্য তারা বোর্ডের সাথে একাধিকবার যোগাযোগ করলেও কোন উত্তর পাননি। তারা পরীক্ষার ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের সুস্পষ্ট বক্তব্য দাবী করেছেন।